

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd


স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.২৪.০০৩.২৩- ৬৪৬

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০
০৪ মার্চ ২০২৪

বিষয়: জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ এর প্রতিপাদ্য বিষয় বা শ্লোগান প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ যথাযথ মর্যাদায় উদযাপন করা হবে। ইতোমধ্যে উপজেলা, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে সকল ক্যাটাগরিতে ব্যক্তি ও প্রতিষ্ঠান বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপনে প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট প্রতিপাদ্য বিষয়/শ্লোগান নির্ধারণ করা প্রয়োজন। প্রতিপাদ্য বিষয়/শ্লোগানটি প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে সংগতিপূর্ণ ও উৎসাহব্যঞ্জক হওয়া প্রয়োজন। উল্লেখ্য জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৩ এর প্রতিপাদ্য বিষয় ছিল “মানসম্মত প্রাথমিক শিক্ষা, স্মার্ট বাংলাদেশ গড়ার দীক্ষা”।

২। এমতাবস্থায়, জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৪ এর প্রতিপাদ্য বিষয় বা শ্লোগান নির্বাচনের জন্য তাঁর নিজ দপ্তর এবং আওতাধীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্টগণের নিকট থেকে সংগৃহীত প্রতিপাদ্য বিষয় বা শ্লোগান হতে সর্বোচ্চ ১০(দশ)টি প্রতিপাদ্য বিষয় বা শ্লোগান আগামী ১৪ মার্চ ২০২৪ তারিখের মধ্যে হার্ড এবং সফট কপি (adgeneraldpe@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ মাসুম ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)
ফোন: ৫৫০৭৪৮২৯

ই-মেইল: ddestabdpe@gmail.com

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রংপুর/ময়মনসিংহ/বরিশাল বিভাগ।

অনুলিপি:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। (তাঁর বিভাগের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে প্রতিপাদ্য বিষয় বা শ্লোগান আহবান করে প্রশাসন বিভাগে জমা প্রদানের অনুরোধসহ।)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট পিটিআই (সকল)।
৩. উপজেলা / থানা শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর.ইউআরসি/টিআরসি (সকল)।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।